




FOR CBSE CLASS 10 PREPARATION

CBSE Class 10 Sample Paper 2027 Solution (Marking Scheme) for Bengali

EXAM

CBSE Class 10

YEAR

2027

TYPE

Solutions

SUBJECT

Bengali

**ALL INDIA SECONDARY SCHOOL EXAMINATION
2026 -2027**

MARKING SCHEME

**SUBJECT- BENGALI (005)
CLASS –X
SESSION – 2026 -2027**

TIME - 3 HOURS

MAXIMUM MARKS - 80

Code No. 005

General Instructions:

1. The Marking Scheme contains 14 printed pages.
2. The Question paper contains 17 questions.
3. The Question Paper is divided into two Parts

PART – A: Objective type paper (MCQ):	20 Marks
PART – B: Descriptive paper:	60 Marks
4. PART – A has two sections:

Section – A: Reading (Unseen Comprehension):	10 Marks
Section – C: Main Course Book & Supplementary Reader:	10 Marks
5. PART- B has three sections:

Section – B: Grammar:	20 Marks
Section – C: Main Course Book & Supplementary Reader:	28 Marks
Section – D: Creative Writing:	12 Marks

MARKING SCHEME
CLASS – X (2026 – 2027)
SUBJECT – BENGALI (CODE NO. – 005)

সময়- ৩ ঘণ্টা
 Time: 3 Hours.

সর্বমোট অঙ্ক – ৮০
 Maximum Marks: 80

PART – A: Objective Type Paper (MCQ)

Section	Question No.	Expected Answers / Value Points	Distribution of Marks
A (Unseen Comprehension)	1.	বোধপরীক্ষণ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ) প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর - 1	(5x1)=5
	A. I.	C. বিবৃতি - ক সঠিক হলেও বিবৃতি - খ সঠিক নয়।	
	II.	B. দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় সেই ফ্যাসিস্ট ঘাতকদের অত্যাচারের প্রমাণ দেখানোর জন্য।	
	III.	B. 'দ্বিতীয় বিশ্বযুদ্ধ' র সময় নাৎসি বাহিনীর অত্যাচার ও নিধনের নানা কাহিনি	
	IV.	C. হামাস জঙ্গিদের গুপ্ত ডেরা ছিল সেখানে।	
	V.	B. নিরন্তর	
	B. I.	A. মন্তব্য বিষয়ে বিবৃতি ক ও বিবৃতি খ দুটিই গ্রহণযোগ্য	
	II.	D. যা কালজয়ী এবং প্রতিটি প্রজন্মের জন্য প্রাসঙ্গিক	(5x1)=5
	III.	C. সন্দীপ রায়	
	IV.	B. অন্ধকার, স্বপন দূত, পঞ্চভূত, ঘণ্টা বাজে	
	V.	B. বইটির জনপ্রিয়তা একটুও কমে নাই বরং বাড়িয়া চলিয়াছে।	
C (Main Course Book) (MCQ)	2.	<ul style="list-style-type: none"> গদ্যের অন্তর্গত প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 	(5X1) =5
	I.	B. তপনের লেখা ছাপার অক্ষরে হাজার হাজার ছেলের হাতে হাতে ঘুরবে।	
	II.	B. খাঁটি সন্ন্যাসীর মতো জগদীশবাবুর দেওয়া বড় অঙ্কের টাকা প্রত্যাখ্যান করেছিলেন।	

	III.	B. (গ), (ঘ)	
	IV.	A. কারণ (ক) সঠিক কিন্তু কারণ (খ) ভুল।	
	V.	C) রাজা-রানি, খুন-জখম বিষয়ক	
(Supplementary Reader/Non-detailed Text) (MCQ)	3.	<ul style="list-style-type: none"> গল্পগুচ্ছ (সহায়ক পাঠ) থেকে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তর বেছে লিখতে হবে। প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 	(5X1) =5
	I.	C. রাধামুকুন্দকে প্রবঞ্চক হিসাবে প্রমাণ করার উপযুক্ত তথ্যের অভাব	
	II.	C. রাধামুকুন্দের স্ত্রীর গহনা বন্ধক রেখে	
	III .	D.কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক।	
	IV.	A. তার প্রতি পোস্টমাস্টারের শুষ্ক দায়িত্ব পালনের মত আচরণকে রতন মেনে নিতে পারেনি	
	V.	C.(খ) , (গ)	

PART B: (Descriptive type questions): 60 Marks

SECTION – B [GRAMMAR]	4.	<ul style="list-style-type: none"> সন্ধিবদ্ধ করা বা সন্ধি বিচ্ছেদের ক্ষেত্রে সঠিক উত্তরটি লিখতে পারলে 1 নম্বর। সন্ধিবিচ্ছেদের ক্ষেত্রে চারটির মধ্যে যে কোনও তিনটির উত্তর লিখতে হবে। সন্ধিবদ্ধ করার ক্ষেত্রেও চারটির মধ্যে যে কোনও তিনটির উত্তর লিখতে হবে। <p>উত্তর সংক্ষেপ :</p> <p>4A যথাক্রমে :</p> <p>বাগীশ = বাক্ + ঈশ</p> <p>পাঁশশো = পাঁচ + শো</p> <p>তজ্জন্য = তদ্ + জন্য</p> <p>নীরজ = নিঃ + রজ</p> <p>4B যথাক্রমে :</p> <p>শিরঃ + পীড়া = শিরঃপীড়া</p> <p>দিব্ + লোক = দ্যুলোক</p> <p>রুধ্ + ত = রুদ্ধ</p> <p>কোথেকে = কোথা + থেকে</p>	(3X1)=3
			(3X1)=3

5.	<ul style="list-style-type: none">• রেখাঙ্কিত পদের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয়ের ক্ষেত্রে ব্যাসবাক্য এবং সমাসের নাম সঠিক লিখতে পারলে 1 নম্বর।• সমাসের নাম সঠিক অথচ ব্যাসবাক্য ভুল হলে অথবা সমাসের নাম / উপশ্রেণীর নাম ভুল অথচ ব্যাসবাক্য সঠিক হলে (0.5) নম্বর পাওয়া যাবে। (উপশ্রেণীর নাম লেখা আবশ্যিক নয়)• ছ'টির মধ্যে যে কোনও <u>পাঁচটি</u> প্রশ্নের উত্তর লিখতে হবে। <p><u>উত্তর সংক্ষেপ :</u></p> <p>a. <u>দুর্ভিক্ষের</u> = ভিক্ষার অভাব - অব্যয়ীভাব সমাস, তার</p> <p>b. <u>ফুটিফাটা</u> - ফুটির ন্যায় ফাটা, উপমান কর্মধারয় সমাস</p> <p>c. <u>আমরা</u> - তুমি, আমি ও সে - দ্বন্দ্ব সমাস</p> <p>d. <u>বরষাত্রীরা</u> - বরের অনুগামী যাত্রী - মধ্যপদলোপী কর্মধারয় সমাস, তারা</p> <p>e. <u>বেচাকেনা</u> - বেচা ও কেনা, দ্বন্দ্ব সমাস</p> <p>f. <u>আশৈশব</u> - শৈশব পর্যন্ত, অব্যয়ীভাব সমাস</p>	(5X1) =5	
6.	<ul style="list-style-type: none">• নির্দেশানুসারে বাক্যের সঠিক রূপান্তর করলে 1 নম্বর।<ul style="list-style-type: none">• ছ'টির মধ্যে যে কোনও <u>পাঁচটি</u> প্রশ্নের উত্তর লিখতে হবে। <p><u>উত্তর সংক্ষেপ :</u></p> <p>a. সলতেটা যখন নিভে যাবে তখনও এই ডাক ঘুরতেই থাকবে। (জটিল বাক্য)</p> <p>b. ঝামঝাম করে বৃষ্টি পড়লে ওর সমস্ত গা যেন শুনতে পায় বৃষ্টির শব্দ। (সরল বাক্য)</p>	(5X1)=5	

		<p>c. উপস্থিত সকলে আগন্তুকের পরামর্শে সম্মত হইল এবং তদনুরূপ আচরণ করিতে লাগিল। (যৌগিক বাক্য)</p> <p>d. বাড়িতে থাকা আরেকটা ভালো জিনিস গড়পারে পাইনি। (সরল বাক্য)</p> <p>e. স্বরণীয় উত্তরাধিকারে কোনো গ্লানি নেই ভেবেছি, তাই একদিন ভালোবেসে গেছি। (যৌগিক বাক্য)</p> <p>f. পাঁচরঙা ধানে ছককাটা যে মাঠ তা জুড়ায় চাষার আঁখি/ তা চাষার আঁখি জুড়ায়। (জটিল বাক্য)</p>	
	7.	<ul style="list-style-type: none"> নির্দেশানুসারে বাক্যের ভাষারীতিগত সঠিক রূপান্তর করলে 1 নম্বর। শুধুমাত্র সর্বনাম, ক্রিয়া ও অনুসর্গের পরিবর্তন করলেই সর্বোচ্চ 1 নম্বর পাবে। পাঁচটির মধ্যে যেকোনও চারটি প্রশ্নের উত্তর লিখতে হবে। <p>a. মহারাজ নাগাদিত্য দলবলসহ ভেরি বাজাইয়া হৈ হৈ শব্দে পর্বতের শিখরে উঠিলেন। (সাধুভাষা)</p> <p>b. রাত্রে প্রদীপের আলোতেও পড়বার সামর্থ ছিল না, কেবল আন্তরিক যত্নেই তিনি অসাধারণ বিদ্যার্জন করেছিলেন। (চলিত ভাষা)</p> <p>c. দিগ্দিগন্ত ঝলসাইয়া শুরু করিয়াছে ধ্বংসের এক তাণ্ডব লীলা। (সাধুভাষা)</p> <p>d. দিনের এক বিশেষ সময়ে রাস্তার উল্টো ছবি পড়িত জানলার বিপরীত দিকের দেওয়ালের অনেকখানি জায়গা জুড়িয়া। (সাধুভাষা)</p> <p>e. তুমি স্বল্প সময়ের জন্য এসে সকলকে কেবল মর্মাস্তিক বেদনাই দিয়েছো। (চলিত ভাষা)</p>	(4X1=4)

<p>SECTION - C Main Course Book & Supplementary Reader</p>	<p>8.</p>	<p>“কোথাও কিছু উলটোপালটা নেই, অন্যরকম নেই” – এখানে কোন সাদৃশ্যের প্রতি ইঙ্গিত করা হয়েছে?</p> <p>আশাপূর্ণা দেবীর লেখা ‘জ্ঞানচক্ষু’ গল্পের কেন্দ্রীয় চরিত্র তপনের পূর্ব ধারণানুযায়ী লেখক মানেন ‘আকাশ থেকে পড়া জীব’ যা ছোটোমেসোর সঙ্গে পরিচয়ের পর ভ্রান্ত প্রমাণিত হয়। তাঁরাও সকলের মতো স্বাভাবিক ছন্দেই দাড়ি কামান, সিগারেট খান, খেতে বসে অতিরিক্ত খাওয়াতে আপত্তি জানান, নির্দিষ্ট সময়ে স্নানও করেন ও ঘুমান। এছাড়াও খবরের কাগজের কথা নিয়ে গল্প বা তর্ক করে দেশের ভবিষ্যৎ উন্নতি নিয়ে সন্দেহ প্রকাশ করে সিনেমা দেখতে চলে যান। লেখকের সঙ্গে ‘নিছক মানুষ’দের এই সমস্ত আচরণগত সাদৃশ্যের প্রতি ইঙ্গিত।</p> <p style="text-align: center;">OR</p> <p>‘তার পিছুপিছু এসে একটু আড়াল থেকে দেখতে লাগলাম’ কোন্ ঘটনা বক্তার চোখে পড়েছিল?</p> <p>বনফুলের লেখা ‘আলোবাবু’ গল্পে কথক দেখলেন, ঘরে ঢুকে আলোবাবু নিজের ভাঙা তোরঙ্গটা খুলে তার মধ্যে থেকে একটা টিনের বাক্স বের করলেন। তারপর তার ভিতর থেকে পর্যায়ক্রমে বার করলেন ন্যাকড়ার ছোটো পুঁটুলি, তার থেকে লাল রঙের শালুর পুঁটুলি, সেখান থেকে রেশমি ন্যাকড়ার পুঁটুলি এবং সেটি খুলতেই খানিকটা তুলো ও তিন পুরু কাপড়ের মধ্যে থেকে আঙুলের মতো পরম যত্নে রক্ষিত ছোট ঘড়িটি বের করে চাপটালি খেয়ে বসে চোখ বুঁজে ধীরে ধীরে দম দিতে লাগলেন – এই ঘটনা...</p>	<p>(1x2) = 2</p>
	<p>9.</p>	<p>‘..... কিন্তু একঘেয়ে কাজ করতে ভয়ানক আপত্তি’ --- ‘একঘেয়ে কাজে আপত্তি’র মধ্যে উদ্দিষ্ট ব্যক্তির কোন্ মানসিকতার প্রতিফলন স্পষ্ট হয়ে ওঠে?</p> <p>সুবোধ ঘোষের লেখা ‘বহুরূপী’ হরিদার সম্পর্কে বলা হয়েছে।</p> <p>দারিদ্র্যের কারণে কোনোমতে দিন গুজরান হয় হরিদার। অনায়াসে কোনও অফিসের কাজ কিংবা</p>	<p>(1x3) = 3</p>

	<p>10.</p>	<p>দোকানে বিক্রিওয়ালার কাজ করার যোগ্যতা থাকা সত্ত্বেও নির্দিষ্ট সময়ের বলয়িত বৃত্তে ঘড়ির শাসন মেনে একঘেয়ে কাজে প্রবল অনীহা তার। বৈচিত্র্যহীন গতানুগতিক জীবনের প্রতি কোনও আসক্তি যেমন নেই তেমনই উচ্চাশা বা প্রত্যাশাও তার তেমন নেই। জীবনকে তিনি এভাবেই দেখেন বলেই হয়তো একই ধরনের একঘেয়ে কাজ করতে তার ভয়ানক আপত্তি।</p> <p>a) অমৃত ও ইসাবের জামা অদল-বদলের প্রয়োজন হয়েছিল কেন?</p> <p>b).এই অদল - বদলের ঘটনা মানবিক যে দিকটিকে স্পষ্ট করে তার বিশ্লেষণ করো।</p> <p>পান্নালাল প্যাটেল রচিত বাংলায় অনুদিত গল্প ‘ অদল- বদল’-এ হোলির দিন দুই বন্ধু অমৃত ও ইসাবের সঙ্গে কালিয়ার কুস্তির লড়াই হয়। অমৃত ও ইসাব , দুজনের পরণেই সেদিন রং, মাপ ও কাপড়ে পুরোপুরি একইরকমের নতুন জামা ছিল। অমৃত মায়ের কাছে অনেক বায়না করে এই জামা আদায় করে। অন্যদিকে ইসাবের বাবা ধার করে অনেক কষ্টে এই জামা বানিয়ে দেন। ইসাবের সেই জামার পকেট যখন লড়াইয়ের ফলে ছিঁড়ে যায় তখন অমৃত তার ভয়ংকর পরিণতির কথা চিন্তা করে মা-হারা বন্ধুকে বাবার কঠিন শাস্তি থেকে রক্ষা করতে জামা বদলের সিদ্ধান্ত নেয়।</p> <p>বাবার কাছ থেকে প্রচণ্ড শাস্তি পাওয়ার আশঙ্কা থাকা সত্ত্বেও অমৃত তার নতুন জামার সঙ্গে ইসাবের ছেঁড়া জামাটা অদল- বদল করে ছিল। কারণ অমৃত জানতো তার মা যে কোনও উপায়ে তার বাবার শাস্তির হাত তাকে থেকে রক্ষা করবেন, যে সৌভাগ্য ইসাবের নেই। সে একাধারে যেমন প্রমাণ করেছিল মায়ের অকৃত্রিম ভালোবাসার অপার শক্তি অন্যদিকে তেমনই প্রমাণ করেছিল সুচিন্তিত সিদ্ধান্ত গ্রহণের দ্বারা বন্ধুর প্রতি নিখাদ ভালোবাসাকে। কিশোরবয়স্ক অমৃত জামা অদল- বদলের মধ্য দিয়ে এক হৃদয় উৎসারিত ভালোবাসার আদান-প্রদান ঘটিয়েছে।</p>	<p>(2+3=5)</p>
--	------------	--	-----------------

11.

সপ্রসঙ্গ ব্যাখ্যা লেখো –

(1X5)=5

‘একাকারে মিলিয়ে যাচ্ছে’

উৎস : ‘একাকারে’ কবিতা

কবি : সুভাষ মুখোপাধ্যায়

প্রসঙ্গ : পাঠ্য কবিতায় ধর্মীয় বিভেদ আর সাম্প্রদায়িক হানাহানির ঊর্ধ্ব মানবধর্মের জয়গান গেয়েছেন কবি। কোরাণের বাণী বা উপনিষদের মন্ত্র ভারতবর্ষের দুই ভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মানুষ উচ্চারণ করলেও তা আসলে একই মানবতার কথা বলে - কবিতার তৃতীয় স্তবকে সেই প্রসঙ্গেই

ব্যাখ্যা : হিন্দুদের পবিত্র ধর্মগ্রন্থ বেদ-এর জ্ঞানকাণ্ড হল উপনিষদ অন্যদিকে কোরাণ হল ইসলাম ধর্মাবলম্বী মানুষের পবিত্র ধর্মগ্রন্থ। দুই ভিন্ন ধর্মের মানুষ যখন কোরাণের ‘সুরাহ্’ বা উপনিষদের মন্ত্র উচ্চারণ করেন তখন তার মধ্যে মানবকল্যাণের কথাই প্রাধান্য পায়। কারণ ধর্মীয় বিভেদ বা গোঁড়ামী কোনও ধর্মেই কাম্য নয়। তাই কোরাণের বাণী আর উপনিষদের মন্ত্র মিলেমিশে একাকার হয়ে যায় মানবিকতার উদার প্রেক্ষাপটে। প্রভাতফেরি বা বৈতালিকের মাঙ্গলিক সুর যেমন ভোরের সুচনামুহূর্তকে আরো আলোকিত করে তেমনি দিনের শুরুতে আল্লাহ-র উদ্দেশে নিবেদিত ইসলাম ধর্মের মানুষের আজান মানবকল্যাণের অভিব্যক্তিকেই প্রকাশ করে - ভোরের প্রকৃতিতে সেই উদাত্ত আহ্বান একাকারে মিশে যায় জীবনের মহতী অভিসারে।

OR

“তিনপাহাড়ের নকশিকাঁথায় শিশুর কলরব।”

উৎস : ‘তিনপাহাড়ের কোলে’; কবিতা

কবি : শক্তি চট্টোপাধ্যায়

প্রসঙ্গ: কবি তিনপাহাড়ের উন্মুক্ত পরিবেশে, সহজ জীবনছন্দের যে কাহিনি বিস্তৃত আছে তার বর্ণনায় পটভূমিকে নকশিকাঁথার সঙ্গে তুলনা করেছেন। সেই প্রসঙ্গেই

		<p>ব্যাখ্যা : নগরজীবনের যান্ত্রিকতা থেকে প্রকৃতির উন্মুক্ততায় আনন্দলাভের প্রয়াস হলো 'তিন পাহাড়ের কোলে' ভ্রমণের মূল উদ্দেশ্য। পারিপার্শ্বিক দৃশ্য এখানে ছবির মতো সুন্দর , নির্জনতাও সৌন্দর্যের অন্তর্ভুক্ত। সকালের সূর্যের আলোর প্রস্ফুটনে পাহাড়ের কোলে অবস্থিত গ্রামগুলির সহজ , অনাবিল জীবনযাত্রা প্রতিভাত হয়। বাংলার অন্যতম লোকশিল্প নকশিকাঁথায় যেমন গ্রামীণ জীবনযাত্রা আপন মাধুর্যে ফুটে ওঠে ঠিক তেমনই তিন পাহাড়ের কোলে লালিত জনজীবন শিশুর সহজ উচ্ছ্বাস ও সারল্যে সবুজের গালিচায় নকশার মতো যেন অঙ্কিত হয়।</p> <p>উৎস – 1 নম্বর প্রসঙ্গ – 1 নম্বর ব্যাখ্যা - 3 নম্বর</p> <p>উপস্থাপনার মান অনুযায়ী পূর্ণ নম্বর প্রাপ্য।</p>	
12.	<p>“গান বাঁধবে সহস্র উপায়ে”- বর্তমান সার্বিক পরিস্থিতিতেও এই উদ্ভৃতি কতটা প্রাসঙ্গিক বলে তুমি মনে করো?</p> <p>কবি জয় গোস্বামী তাঁর 'অস্ত্রের বিরুদ্ধে গান' কবিতায় সাম্রাজ্যবাদী শাসকশক্তির দানবীয় আগ্রাসনকে প্রতিহত করতে এবং যুদ্ধের বীভৎসতা থেকে বাঁচতে গানকেই একমাত্র অবলম্বন বলে মনে করেছেন – যা হিংসাদীর্ণ পৃথিবীতে সহস্র মানুষের হৃদয়ে সঞ্চারিত হয়ে বিদ্রোহবুদ্ধি দূর করে শুভবুদ্ধির উন্মেষ ঘটাতে পারে—কবির বিশ্বাস একটিমাত্র কোকিলই যেমন চিল-শকুনদের প্রতিহত করতে পারে তেমনই মুষ্টিমেয় মঙ্গলকামী, নির্ভিক মানুষের মঙ্গলবার্তা বিশ্বজুড়ে স্বৈরাচারী শক্তির দাপট ও জিঘাংসাকে প্রতিহত করতে পারে। বর্তমান সময়পর্বেও বহির্বিশ্বে নিরন্তর ঘটে চলা হিংসা ও অস্ত্রের আত্মফালনকে মানুষের শুভবুদ্ধি ও জীবনবোধের উদ্বোধনই বিনাশ করতে পারে এই মর্মে যে কোনও প্রাসঙ্গিক ও যুক্তিগ্রাহ্য উত্তর গ্রহণযোগ্য।</p>	(1X3)=3	

OR

"কিছুই কোথাও যদি নেই / তবু তো কজন আছি বাকি"- পঙ্ক্তিটিতে কীভাবে আশাবাদের কথা ফুটে উঠেছে ব্যাখ্যা করো।

কবি শঙ্খ ঘোষ তাঁর 'আয় আরো বেঁধে বেঁধে থাকি' কবিতায় চরম নৈরাশ্য ও ধ্বংসের মধ্যেও মানবজীবনের বেঁচে থাকার অদম্য আশাবাদকে ফুটিয়ে তুলেছেন এখানে। যুদ্ধ, শোষণ, অবহেলা ও রাজনৈতিক অস্থিরতায় সাধারণ মানুষের ঘরবাড়ি ধূলিসাৎ হয়েছে, শিশুদের প্রাণ গেছে এবং বাঁচার সমস্ত অবলম্বন ধ্বংস হয়ে গেছে।

কিন্তু এই শূন্যতার মাঝেও কবি লক্ষ্য করেছেন— সব হারিয়েও কিছু মানুষ এখনো বেঁচে আছেন। এই "কজন বাকি" থাকা মানুষ আসলে মানবচেতনা, সংহতি ও লড়াইয়ের প্রতীক। সংখ্যায় তারা অল্প হতে পারে, কিন্তু তারা যদি পরস্পরের হাত শক্ত করে ধরে ঐক্যবদ্ধ থাকে, তবে সেই যৌথ শক্তির জোরেই নতুন করে বাঁচার স্বপ্ন দেখা সম্ভব। চরম বিপন্নতার মুখে এই কয়েকজন মানুষের অস্তিত্বই নতুন পথ রচনার শেষ ভরসা।

	13.	<p>‘আমাদের চোখ মুখ ঢাকা...’ - কবির এই বিবৃতি কোন্ সত্যকে প্রমাণ করে?</p> <p>কবি শঙ্খ ঘোষ রচিত ‘আয় আরো বেঁধে বেঁধে থাকি’ কবিতায় শোষিত, অবহেলিত মানবগোষ্ঠীর অস্তিত্বের সংকট, স্বাধিকারহীনতা ও আত্মগ্লানির অন্যতম কারণ হলো প্রতিবাদহীনতা, নিষ্ঠুর সত্যকে দুর্ভাগ্যের দোহাই দিয়ে নিজেকে টিকিয়ে রাখার প্রয়াস। পরানুগ্রহ ও অন্যের অনুকম্পা এই সব মানুষের দৃষ্টি শক্তির স্বচ্ছতা, বাক্-শক্তির স্পষ্টতাকে রুদ্ধ করেছে।</p>	(2)
	14.	<p>সংসারে এই একটা মহৎ পরিবর্তন দেখা গেল ...।”-</p> <p>এই পরিবর্তনকে ‘মহৎ’ বলার কারণ কী?</p> <p>রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘দান-প্রতিদান’ গল্পে সংসারে অগ্রজপ্রতিম শশিভূষণের অনুগ্রহে প্রতিপালিত রাধামুকুন্দ ও রাসমণিকে বড়বউ ব্রজসুন্দরীর অহরহ গঞ্জনা ও কটুবাক্য শুনতে হতো যা তাদের পারিবারিক শান্তিকে বিদ্বিত করতো। খাজনার দায়ে শশিভূষণের জমিদারি পরগণা যখন নিলাম হয়ে যায় তখন রাধামুকুন্দ স্ত্রীর গয়না বেচে ও শহরে মোক্তারির কাজ করে সংসারের হাল ধরে। সংসারপ্রবাহ অন্যথাতে বইতে শুরু করে। ব্রজসুন্দরী স্বামী অপেক্ষা তখন রাধামুকুন্দের উপর বেশী নির্ভরশীল হয়ে পড়ে। স্বাভাবিকভাবেই তিনি পূর্বের আচরণের ঠিক বিপরীত আচরণে নিজেকে অভ্যস্ত করতে থাকেন। ফলতঃ সাংসারিক ক্ষেত্রেও তার মহৎ সুফল দেখতে পাওয়া যায়।</p> <p style="text-align: center;">OR</p>	(2)

		<p>“তাহার কথা একপ্রকার ভুলিয়া গেলাম।”- গল্পকথক উদ্দিষ্ট ব্যক্তির কথা কখন ভুলে গেলেন ?</p> <p>রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘কাবুলিওয়ালা’ গল্পে কথকের এক প্রতিবেশী রহমতের থেকে রামপুরী চাদর কিনে তার প্রাপ্য বকেয়া টাকা দিতে অস্বীকৃত হওয়ায় তার সঙ্গে প্রথমে বচসা বাধে। তারপর তাকে ছুরি দিয়ে সাংঘাতিক আঘাত করার অপরাধে রহমতের আট বছরের কারাদণ্ড হয়। দৈনন্দিন কাজকর্মের নিত্য আবর্তনে এবং দীর্ঘ কয়েক বছরের অদর্শনে স্বভাবতই তার কথা কথক বিস্মৃত হয়েছিলেন।</p>	
15 a.		<p>“আপনার বহুৎ দয়া, আমার চিরকাল স্মরণ থাকিবে ...।”-</p> <p>‘আপনার বহুৎ দয়া’ - একথা বলার কারণ বুঝিয়ে লেখো।</p> <p>রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘কাবুলিওয়ালা’ গল্পে রহমত মিনিকে স্নেহ করে জেনেও কথক তার জন্য আনা বাদাম কিশমিশের দাম দিতে চান ।হয়তো জেল ফেরত নিঃস্ব রহমতের আর্থিক দুরবস্থার কথা ভেবে কথক সেটা করেন। গরিব রহমত তার মধ্যে কথকের দয়ার প্রকাশ দেখতে পান। কাবুলিওয়ালাকে ফিরিয়ে দেবার মত তার আনা জিনিসগুলোও কথক ফিরিয়ে দিতে পারতেন, কিন্তু তা না করে রহমতের স্নেহবুভুক্ষু পিতৃহৃদয়ের প্রতি কথক সহমর্মিতাবশতঃ তা গ্রহণ করার মাধ্যমে কাবুলিওয়ালার মনের ইচ্ছা পূর্ণ করেছেন। কথকের কাছে রহমত সবচেয়ে বেশি কৃতজ্ঞ মিনির সান্নিধ্য লাভের সুযোগ পাওয়ার জন্য। কথকের জন্যই সে ছোট্ট মিনির সঙ্গসুখ পেয়েছে। মিনির সাহচর্য তার প্রবাসী পিতৃহৃদয়ের শূন্যতাকে ভরিয়ে দিয়েছিল</p>	(3)
15 b.		<p>“দাদাবাবু তোমার দুটি পায়ে পড়ি, তোমার দুটি পায়ে পড়ি, আমাকে কিছু দিতে হবে না।”-</p> <p>‘কিছু দিতে হবে না’ - কথাটির মাধ্যমে রতন ঠিক কী বোঝাতে চেয়েছিল বলে তুমি মনে করো?</p> <p>রবীন্দ্রনাথ ঠাকুর রচিত ‘পোস্টমাস্টার’ গল্পে অনাথা রতনের জীবন ছিল পরানুগ্রহনির্ভর।</p>	(3)

<p>Section – D: Creative Writing:</p>		<p>অন্যদের মতো পোস্টমাস্টারের সঙ্গে তার সম্পর্কটা শুধু দান দাক্ষিণ্যের মধ্যে আটকে থাকে নি। স্বজনবিচ্ছিন্ন পোস্টমাস্টার এবং স্বজনহারা রতনের স্নেহবুড়ুসু মন মিলে গিয়েছিল প্রয়োজনের আওতায়। পোস্টমাস্টারের নির্জন প্রবাসী একঘেয়ে জীবনে রতন হয়ে উঠেছিল তার সঙ্গী। কিন্তু উলাপুর ছাড়ার সময় পোস্টমাস্টারের উচিত-অনুচিত বোধের হিসেব রতনের আন্তরিকতাকে কোনও মূল্যই দেয়নি। একজন সম্পূর্ণ নারী হিসেবে রতনের কাছে তা ছিল চরম বেদনা এবং অপমানের। যাবার আগে পোস্টমাস্টার মাইনের প্রায় সব টাকা দিয়ে রতনকে সাহায্য করতে চেয়েছিলেন কিন্তু রতনের প্রত্যাখ্যান এটাই বোঝাতে চেয়েছিল যে হাজার অভাব থাকলেও নিখাদ ভালোবাসা ও আন্তরিকতার স্বীকৃতি ছাড়া কখনোই কিছু পাওয়ার প্রত্যাশা সে করে নি। সামান্য সুখ সুবিধার বদলে রতন তার অনুরাগের মর্যাদাকে ছোট হতে দেয়নি।</p> <p>Section – D: Creative Writing:</p> <p>পত্ররচনা – সম্পাদকের কাছে।</p> <p>16. <ul style="list-style-type: none">অবয়ব সংস্থান – সম্বোধন, পত্রিকার নাম ও ঠিকানা, তারিখ, বিষয়, সমাপ্তিসূচক পদ, প্রেরকের ঠিকানার সম্পূর্ণ উল্লেখ থাকলে 3 নম্বর প্রাপ্য। প্রতি বিষয়ের জন্য বরাদ্দ 0.5 নম্বর।পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর বরাদ্দ।বক্তব্য প্রশ্নানুগ হলে ন্যূনতম 2.5 নম্বর প্রাপ্য। যথাযথ উপস্থাপনা ও ভাষাগত দক্ষতা বজায় থাকলে পুরো 3 নম্বর প্রাপ্য।</p> <p>অনুচ্ছেদ রচনা –</p> <p>17. <ul style="list-style-type: none">প্রশ্নানুগ ও যথাযথ বিষয় উপস্থাপনার জন্য 3 নম্বর বরাদ্দ।আঙ্গিক ও ভাষাগত দক্ষতার জন্য 3 নম্বর বরাদ্দ।উল্লিখিত শর্তপূরণে পূর্ণ মান দেওয়া যেতে পারে।</p>	<p>(6)</p> <p>(6)</p>
--	--	---	-----------------------